6

দৈনিক সংবাদ

তারিখ 2 1 APR 1997
পৃষ্ঠা ৭ কলাম ৩



*মানিকগঞ্জ ঃ শিশু মেলা ও শিক্ষা উপকরণ প্রদর্শনীতে মানিকগঞ্জ শিক্ষা অফিসে আয়োজিত স্টল (বামে)। শ্রেষ্ঠ পুরস্কার গ্রহণ করছেন মানিকগঞ্জ জেলা প্রাথমিক শিক্ষা অফিসার মোঃ আঃ মান্নান মিয়া। পুরস্কার প্রদান করছেন মহাপরিচালক প্রাথমিক শিক্ষা আজিজআহমেদচৌধুরী(ডানে)।* — *সংবাদ*

### বিভাগীয় শিশু মেলা ও শিক্ষা উপকরণ প্রদর্শনী

# মানিকগঞ্জ জেলা প্রাথমিক শিক্ষা অফিস শ্রেষ্ঠ

(নিজস্ব বার্তা পরিবেশক)

মানিকগঞ্জ, ২০শে এপ্রিল।– ঢাকায় অনুষ্ঠিত বিভাগীয় 'শিশুমেলা ও শিক্ষা উপকরণ' প্রদর্শনীতে মানিকগঞ্জ জেলা প্রাথমিক অফিস শ্রেষ্ঠ হয়েছে। ৪টি শ্রেষ্ঠ পুরস্কারের মধ্যে মানিকগঞ্জ ৩টি শ্রেষ্ঠ পুরস্কার পায়।

গত ৩০শে মার্চ মিরপুরের ন্যাশনাল সরকারি প্রাথমিক বিদ্যালয় মাঠে ওই প্রদর্শনী অনুষ্ঠিত হয়। প্রদর্শনীতে ঢাকা বিভাগের ১৭টি জেলা শিক্ষা অফিস এবং ১১টি পি· টি· আই অংশগ্রহণ করে।

প্রদর্শনীতে মানিকগঞ্জ জেলা শিক্ষা অফিস আয়োজিত স্টলে অন্তত ২ হাজার বিষয়ভিত্তিক শিক্ষা উপকরণ, মডেল, চার্ট, ম্যাপ এবং প্রজেক্ট প্রদর্শিত হয়।

প্রদর্শনীর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন সাংসদ কামাল আহমেদ মজুমদার। বিশেষ অতিথি ছিলেন ঢাকা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বোর্ডের চেয়ারম্যান তোজাম্মেল হোসেন। সভাপতিত্ব করেন উপ-পরিচালক প্রাথমিক শিক্ষা, ঢাকার এস· এম· হায়দার।

পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন প্রাথমিক শিক্ষার মহাপরিচালক আজিজ আহমেদ চৌধুরী।